NYC Consumer Affairs

Bill de Blasio
Mayor

Lorelei Salas
Commissioner

BENGALI

আয়া, বাড়ির কাজের লোক এবং অন্যান্য গার্হস্থ্য শ্রমিকদের জন্য
কর্মীর অধিকার সম্পর্কিত বিজ্ঞপ্তি

নিউ ইয়র্ক শহরের উপার্জিত নিরাপদ এবং অসুস্থতার সময়ের আইন (Earned Safe and Sick Time Act) (সবেতন নিরাপদ ও অসুস্থতার ছুটি আইন)-এর অধীনে গার্হস্থ্য শ্রমিকদের নিরাপদ এবং অসুস্থতার ছুটি নেওয়ার অধিকার ছে। এই আইন সম্বন্ধে আরও জানতে nyc.gov/PaidSickLeave তে যান।

গার্হস্থ্য শ্রমিকরা যারা সরাসরি কোন একক পরিবারের নিয়োগকর্তাদের জন্য কাজ করে তাদেরকে এই লিখিত বিজ্ঞপ্তিটিতখন দিতে যখন তারা কাজে যোগে দেবে বা 2018 সালের 4ঠা জুনের মধ্যে, এর মধ্যে যেটি পরে সেটিতেই তাদের নিয়োগকর্তার থেকে অবশ্যই নিতে হবে।

আপনার নিরাপদ ছুটি নেওয়ার অধিকার আছে, যদি আপনি বা পরিবারের কোন সদস্য কোন গার্হ্যস্থ হিংস্রতা বা অপ্রত্যাশিক যৌন স্পর্শ, গোপনে অনুসরণ বা চোরাচালানের শিকার হয় অথবা হুমকি পান সেইক্ষেত্রে এটি আপনি সহায়তা নেওয়ার জন্য অথবা অন্য কোন সুরক্ষা নেওয়ার জন্য ব্যবহার করতে পারেন।

আপনার অসুস্থতার ছুটি নেওয়ার অধিকার আছে, যা আপনি আপনার অথবা পরিবারের কোন সদস্যের পরিচর্যা এবং চিকিৎসার জন্য ব্যবহার করতে পারেন।

গার্হস্থ্য শ্রমিকরা আইনের মাধ্যমে উল্লেখ্য ক্ষেত্রে আওতাভুক্ত/আওতাভুক্ত নয়:

আওতাভুক্ত	আওতাভুক্ত নয়
আপনি *হলেন* একজন গার্হস্থ্য শ্রমিক যিনি আইনের আওতাভুক্ত যদি আপনাকে সরাসরি কোন গৃহস্থালী বা পরিবার নিয়োগ করে এবং আপনি: • শিশুদের পরিচর্যা করেন • কোন বয়ষ্ক, অসুস্থ, অক্ষম অথবা ক্রমে সেরে ওঠা ব্যক্তিকে পরিচর্যা দেন • গৃহস্থালি সম্পর্কিত পরিষেবা করেন যেমন রান্না করা এবং পরিষ্কার করা	আপনি এই আইনের অধীনে একজন “গার্হস্থ্য শ্রমিক” হিসাবে বিবেচিত হবেন *না* এবং সেই হিসাবে আওতাভুক্ত হবেন না যদি কোন এজেন্সির কর্মী হিসাবে কোনও পরিবারের জন্য আপনি কলাম 1-এ বর্ণিত দায়িত্বগুলি পালন করেন। আইনের অধীনে একজন কর্মী হিসাবে এজেন্সিগুলির দ্বারা নিযুক্ত কর্মীরা 40 ঘন্টা পর্যন্ত সবেতন নিরাপদ এবং অসুস্থতার ছুটি অধিকারী হতে পারে। এই আইনের অধীনে কোন কর্মীরা আওতাভুক্ত সেই সম্বন্ধে আরও জানতে nyc.gov/PaidSickLeave তে যান। আপনি নিউ ইয়র্ক স্টেটের আইনের উদ্দেশ্যগুলির জন্য এবং অতিরিক্ত সুরক্ষায় অধিকারী হওয়ায় একজন “গার্হস্থ্য শ্রমিক” হিসাবে বিবেচিত হতে পারেন।

নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি পরিমাণ:

- চাকরির এক বছর পরে, আপনার নিয়োগকর্তাকে অবশ্যই প্রতিবছর সবেতন নিরাপদ ও অসুস্থতার ছুটি দিতে হবে। নিউ ইয়র্ক স্টেট আইনের অধীনে তিনদিন সবেতন বিশ্রামের সাথে উপরন্তু সিটির ছুটির অধিকারীও হতে পারেন। স্টেট আইনের অধীনে আপনার অধিকার সম্বন্ধে আরও তথ্যের জন্য, labor.ny.gov-তে যান এবং “গার্হস্থ্য শ্রমিকের অধিকারসমূহের বিজ্ঞাপন” অনুসন্ধান করুন।

নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি তারিখ উল্লেখ্য বিষয়গুলির ব্যবহারের জন্য উপলভ্য:

- আপনি অসুস্থতার ছুটি ব্যবহার করে 1লা এপ্রিল, 2015 তে বা আপনার চাকরি শুরু হওয়ার এক বছর পরে শুরু করতে পারেন, এক্ষেত্রে যেটি পরে হবে।
- আপনি নিরাপদ ছুটি ব্যবহার করে 5ই মে, 2018 তে বা আপনার চাকরি শুরু হওয়ার এক বছর পরে শুরু করতে পারেন, এক্ষেত্রে যেটি পরে হবে।

নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি ব্যবহারের গ্রহণযোগ্য কারণসমূহ:
আপনি কাজ থেকে বিরতি নেওয়ার জন্য নিরাপদ এবং অসুস্থতার ছুটি ব্যবহার করতে পারেন যখন:

- আপনার কোন মানসিক বা শারীরিক অসুখ, আঘাত, বা স্বাস্থ্য পরিস্থিতি থাকে; আপনার চিকিৎসার রোগলক্ষণ শনাক্তকরণ, পরিচর্যা অথবা আপনার মানসিক বা শারীরিক অসুস্থতা, আঘাত বা স্বাস্থ্য সমস্যার চিকিৎসার প্রয়োজন হয়; আপনার নিবারণমূলক চিকিৎসাগত পরিচর্যার প্রয়োজন হয়৷
- আপনাকে অবশ্যই পরিবারের কোনও সদস্যের বিষয়ে যত্নশীল হতে হবে যার কোন চিকিৎসার রোগলক্ষণ শনাক্তকরণ, পরিচর্যা অথবা মানসিক বা শারীরিক অসুস্থতা, আঘাত বা স্বাস্থ্য অবস্থার চিকিৎসার প্রয়োজন আছে অথবা যার নিবারণমূলক চিকিৎসাগত পরিচর্যার প্রয়োজন আছে৷
- আপনার নিয়োগকারীর ব্যবসা বন্ধ আছে কোন সর্বজনীন স্বাস্থ্য বিষয়ক জরুরী পরিস্থিতির কারণে বা কোন শিশুর পরিচর্যার প্রয়োজন যার স্কুল বা শিশু পরিচর্যা প্রদানকারীর ব্যবস্থা বন্ধ আছে কোন সর্বজনীন স্বাস্থ্য বিষয়ক জরুরী পরিস্থিতর কারণে৷
- আপনি বা পরিবারের কোন সদস্য হয়তো কোন গার্হ্যস্থ হিংস্রতা বা অপ্রত্যাশিক যৌন স্পর্শ, গোপনে অনুসরণ বা চোরাচালানের শিকার হয়েছেন অথবা হুমকি পেয়েছেন এবং আপনার শারীরিক, মানসিক বা অর্থনৈতিক স্বাস্থ্য বা আপনার অথবা আপনার পরিবারের সদস্যের সুরক্ষা সম্বন্ধে অবিলম্বে ব্যবস্থা নেওয়া প্রয়োজন অথবা সেই সঙ্গী বা সেই ব্যক্তি যারা আপনার সঙ্গে কাজ করে তাদের সুরক্ষিত করার জন্য, যাদের মধ্যে পরে:
    - কোন গার্হস্থ্য হিংস্রতার আশ্রয়, ধর্ষণ সংকট কেন্দ্র অথবা অন্য পরিষেবার প্রকল্প থেকে নেওয়া পরিষেবা।

আরও >

- নিরাপত্তার পরিকল্পনা, স্থানান্তরে অংশগ্রহণ করেছে অথবা আপনার অথবা কোন নতুন স্কুলে শিশুদের নাম নথিভুক্ত করা সমেত আপনার পরিবারের সদস্যের নিরাপত্তাকে সুরক্ষিত রাখতে অন্য ব্যবস্থা নিয়েছে।
- হেফাজত; পরিদর্শন; বৈবাহিক সমস্যা; নিরাপত্তার আদেশ; অভিবাসন; বসবাস; চাকরি, বাসস্থান বা গ্রাহকের ক্রেডিটে বৈষম্য নিয়ে তথ্য পেতে এবং পরামর্শ নিতে কোন আইনজীবী বা সমাজসেবা প্রদানকারীর সঙ্গে দেখা করুন।
- আইন প্রয়োগের সঙ্গে কোন গার্হস্থ্য ঘটনার রিপোর্ট দাখিল করুন অথবা ডিসট্রিক্ট অ্যাটোর্নির কার্যালয়ে দেখা করুন।

পরিবারের সদস্য:
আইনটি নিম্নলিখিত ব্যক্তিদের "পরিবারের সদস্য" হিসাবে চিহ্নিত করে:

- এমন কোন ব্যক্তি যার সঙ্গে কর্মীর নিকটবর্তীতা পরিবারের সমতুল্য
- শিশু (জন্মদাতা, দত্তক নেওয়া অথবা পালিত শিশু; আইনত পালিত সন্তান; *লোকো পেরেন্টিসে* দাঁড়ানো কোন কর্মীর শিশু)
- নাতি বা নাতনী
- স্বামী বা স্ত্রী
- গার্হস্থ্য সঙ্গী বা সঙ্গিনী
- পিতা-মাত
- দাদু বা দিদিমা
- কোন কর্মীর স্বামী বা স্ত্রী বা গার্হস্থ্য সঙ্গী বা সঙ্গিনীর সন্তান বা পিতা-মাতা
- ভাইবোন (অর্দ্ধ, দত্তক বা বিমাতা-বিপাতা সম্পর্কীয় ভাইবোন)
- কর্মীর সঙ্গে রক্ত সম্বন্ধীয় অন্য যেকোন ব্যক্তি

আগাম বিজ্ঞপ্তি:
যদি প্রয়োজনের আগাম আঁচ করা যায়, আপনি সাত দিন আগে পর্যন্ত আপনার নিয়োগকারীকে নিরাপদ বা অসুস্থতার ছুটি নেবার মনোভাবের জানিয়ে আগাম বিজ্ঞপ্তি দিতে পারেন| যদি প্রয়োজনের আগাম আঁচ না করা যায়, আপনাকে আপনার নিয়োগকারীকে যত তাড়াতাড়ি সম্ভব বিজ্ঞপ্তি দেওয়ার প্রয়োজন হবে|

নথিকরণ:
আপনার নিয়োগকর্তার নথিপত্রের প্রয়োজন হতে পারে যদি আপনি পর পর তিনটি কর্মরত দিন নিরাপদ বা অসুস্থতার ছুটি হিসাবে নেন। সবেতন নিরাপদ ও অসুস্থতার ছুটি আইন অসুস্থতার ছুটি জন্য চিকিৎসা বিষয়ক কারণ নির্দিষ্ট করতে স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর প্রয়োজন থেকে বা কোন কাজ বা গার্হস্থ্য হিংস্রতার হুমকি বা অপ্রত্যাশিত যৌন স্পর্শ, গোপনে অনুসরণ বা চোরাচালান নির্দিষ্ট বিশদ তথ্য দেওয়ার জন্য নিরাপদ ছুটির নথিকরণের থেকে নিয়োগকর্তাদের প্রতিহত করে। প্রকাশ অন্য আইনগুলির জন্য লাগতে পারে|

নিরাপত্তা ও অসুস্থতাজনিত ছুটি ব্যবহার করে আপনার নিয়োগকর্তার প্রতিশোধ থেকে মুক্তি পাওয়ার অধিকার আপনার আছে।

আপনার নিয়োগকর্তা নিম্নলিখিত কারণের জন্য আপনার বিরুদ্ধে প্রতিশোধ নিতে পারেন না:

- নিরাপদ এবং অসুস্থতার ছুটি অনুরোধ করার এবং ব্যবহারের কারণে।
- DCA-এর কাছে আইন লঙ্ঘনের দাবি করে অভিযোগ দাখিল করার কারণে।
- আইন লঙ্ঘন সম্বন্ধে সহকর্মী সহ কোন ব্যক্তির সঙ্গে কথা বলার কারণে।
- অভিযোগ করা আইনের লঙ্ঘন সম্বন্ধে আদালতের কাজে অংশগ্রহণের কারণে।
- অন্য কোন ব্যক্তিকে সেই ব্যক্তির সম্ভাব্য অধিকার সম্বন্ধে বলার কারণে।

আইন দ্বারা স্বীকৃত আপনার কোন অধিকার প্রয়োগ করা বা প্রয়োগ করার চেষ্টার ফলস্বরূপ দুর্ব্যবহারের অর্ন্তগত হল ভীতি প্রদর্শন, অনুশাসন, বরখাস্ত করা, পদের অবনতি, সাময়িক বরখাস্ত, অথবা কাজের ঘন্টার হ্রাস, অথবা আপনার বিরুদ্ধে অন্য যেকোন বিরূপ ক্রিয়া গ্রহণ করা।

আপনার অভিযোগ দাখিল করার অধিকার আছে।

আপনার DCA-এর কাছে অভিযোগ দাখিল করতে পারেন। অভিযোগের ফর্ম পেতে গেলে, nyc.gov/PaidSickLeave দেখুন অথবা 311 নম্বরে (212-NEW-YORK NYC-বাইরে) যোগাযোগ করুন।

DCA একটি তদন্তের ব্যবস্থা করবে এবং আপনার অভিযোগ সমাধান করার চেষ্টা করবে। DCA আপনার পরিচয় গোপন রাখবে যতক্ষণ না পর্যন্ত তা প্রকাশ করা তদন্তের জন্য, অভিযোগের সমাধান করতে বা আইনের জন্য প্রয়োজনীয় হচ্ছে।

এই বিজ্ঞপ্তির একটি কপি এবং সমস্ত নথি যেখানে আপনার নিরাপদ এবং অসুস্থতার ছুটি পরিমাণের বৃদ্ধি এবং ব্যবহার সম্পর্কে তথ্য আছে তা সঙ্গে রাখুন ।

দ্রষ্টব্য: উপার্জিত নিরাপদ এবং অসুস্থতার সময়ের আইন নিরাপদ ও অসুস্থতার ছুটি জন্য ন্যূনতম শর্তাবলী স্থির করেছে। আপনার নিয়োগকর্তার ছুটির নীতিগুলি হয়তো ইতিমধ্যেই আইনের এই শর্তাবলী পূরণ করেছে বা অতিক্রম করেছে।

আপনার এই বিজ্ঞপ্তিটি ইংরেজিতে পাওয়ার অধিকার আছে এবং যদি DCA ওয়েবসাইটে উপলব্ধ থাকে, আপনার প্রাথমিক ভাষাতে।

প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী সহ আরও তথ্যের জন্য, nyc.gov/PaidSickLeave তে যান অথবা সবেতন নিরাপদ ও অসুস্থতার ছুটি সম্বন্ধে তথ্য জানতে **311** নম্বরে ফোন করুন।